

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২২৭

মোহনপুর, ২০ ডিসেম্বর, ২০২৪

এমজিএন রেগায় লেফুঙ্গা  
ব্লকে ২,০৭,০৮২ শ্রমদিবস সৃষ্টি

লেফুঙ্গা ব্লকে চলতি অর্থবছরে এমজিএন রেগায় ২ লক্ষ ৭ হাজার ৮২ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। ব্লকের ১০টি এডিসি ভিলেজে এই কর্মসূচিতে জমি সমতলকরণ, ইট সলিং রাস্তা নির্মাণ, পুরাতন রাস্তা সংস্কার ও জলসেচের উৎস সৃষ্টি করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৩ কোটি ১৬ লক্ষ ১৯ হাজার ৫৫৮ টাকা। এতে ব্লকের ৪,৫৫৯টি পরিবার কাজ পেয়েছে।

\*\*\*\*\*